



বসন্ত উৎসবে বর্ণিল সাজে শিক্ষার্থীরা। গতকাল রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে।

ছবি : কালের কণ্ঠ

বসন্ত উৎসবে রঙিন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়



নিজস্ব প্রতিবেদক >

বসন্ত মানেই রং-বেরঙের ফুলের সমরোহ, কোকিলের ডাক, সজীব গাছ, ডালপালা। বসন্ত মানেই নতুনের সূচনা, মনোরম পরিবেশ, দ্বিধা ভালোবাসা। দিনব্যাপী নানা আয়োজনের মধ্য দিয়ে এমন সব চিত্রই ফুটিয়ে তোলে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতেই চোখে পড়ে রঙিন আলনা, সাজানো গাছ ও বিভিন্ন সাজসজ্জা। বসন্ত উদযাপনের নানা ব্যানার। ছিল বইমেলা ও পিঠা উৎসব। নারী শিক্ষার্থীদের পরনে ছিল বাসন্তীসহ নানা রঙের শাড়ি। বিভিন্ন রঙের পাঞ্জাবিতে সেজেছিলেন ছেলে শিক্ষার্থীরা। তাঁদের উপস্থিতিতে ক্যাম্পাসে যেন ফুটেছিল বাহারি রঙের ফুল। গল্প-আড্ডা, নাচ, গানে সকাল থেকে রাত পর্যন্ত মুখর ছিল ক্যাম্পাস।

গতকাল বৃহস্পতিবার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক সংগঠনের আয়োজনে দিনব্যাপী বসন্ত উৎসব-১৪৩০ উদযাপিত হয়। উৎসবের বাংলা প্রিন্ট মিডিয়া পার্টনার ছিল দৈনিক কালের কণ্ঠ। এদিন সকাল ৯টায় শিক্ষার্থীদের শোভাযাত্রার মধ্য দিয়ে বসন্ত উৎসবের যাত্রা শুরু হয়। এর পর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, গভর্নিং

বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতেই চোখে পড়ে রঙিন আলনা, সাজানো গাছ ও বিভিন্ন সাজসজ্জা। বসন্ত উদযাপনের নানা ব্যানার। ছিল বইমেলা ও পিঠা উৎসব। নারী শিক্ষার্থীদের পরনে ছিল বাসন্তীসহ নানা রঙের শাড়ি। বিভিন্ন রঙের পাঞ্জাবিতে সেজেছিলেন ছেলে শিক্ষার্থীরা। তাঁদের উপস্থিতিতে ক্যাম্পাসে যেন ফুটেছিল বাহারি রঙের ফুল

বডির সদস্য এবং বিভিন্ন বিভাগের শিক্ষকসহ সৃষ্টিজনরা বসন্ত নিয়ে তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্য শেষে বসন্তের আগমনী নৃত্য ও সংগীত পরিবেশন করা হয়। রবীন্দ্রসংগীত পরিবেশন করেন রেজয়ানা চৌধুরী বন্যা। দুপুরে ছিল ফ্ল্যাশ মব ও বাটিকা। এরপর বিভিন্ন সংগীত পরিবেশন করেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা। সবশেষে ব্যান্ড সংগীতে শিক্ষক-শিক্ষার্থীদের মাতিয়ে তোলে ওয়ারফেজ।